

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কমলগঞ্জ, মৌলভীবাজার।

www.kamolganj.moulvibazar.gov.bd

স্মারক নং:-০৫.৪৬.৫৮৫৬.০০৪.০৩.০০৯.১৯. ৫৭

তারিখঃ ২৬ জানুয়ারী ২০১৯ খ্রিঃ।

**১৪২৬ বাংলা সনের জন্য হাটবাজার ইজারার দরপত্র আহবান বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখের স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ মূলে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এর মর্মানুযায়ী এবং স্মারক নং-৪৬.০৪১.০৩০.০১.০০.০০১. ২০১৮-৯৩, তাং-২০ ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্র মোতাবেক কমলগঞ্জ উপজেলাধীন পৌর এলাকা বহির্ভূত হাট বাজার সমূহের ১৪২৬ বাংলা (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে বদ্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে তফসীলে বর্ণিত সময়ে দরপত্রে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান	দরপত্র দাখিলের স্থান
১) জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।	১) জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ।	২) পুলিশ সুপারের কার্যালয়, মৌলভীবাজার।
৩) উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ।	৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ।
৪) কমলগঞ্জ থানা, কমলগঞ্জ।	৪) উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ।
৫) সোনালী ব্যাংক, কমলগঞ্জ শাখা।	

**দরপত্র ফরম ক্রম ও দাখিল সংক্রান্ত তফসীলঃ-**

পর্যায় ক্রম	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তু খোলার তারিখ ও সময়	মন্তব্য
১য় পর্যায়	১১/০৩/২০১৯ খ্রিঃ। বিকাল ০৫.০০ টা পর্যন্ত।	১২/০৩/২০১৯ খ্রিঃ। বেলা ০১.০০ টা।	১২/০৩/২০১৯ খ্রিঃ। বেলা ০১.৩০ টা।	-
২য় পর্যায়	১৮/০৩/২০১৯ খ্রিঃ। বিকাল ০৫.০০ টা পর্যন্ত।	১৯/০৩/২০১৯ খ্রিঃ। বেলা ০১.০০ টা।	১৯/০৩/২০১৯ খ্রিঃ। বেলা ০১.৩০ টা।	১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য।
৩য় পর্যায়	২৮/০৩/২০১৯ খ্রিঃ। বিকাল ০৫.০০ টা পর্যন্ত।	৩১/০৩/২০১৯ খ্রিঃ। বেলা ০১.০০ টা।	৩১/০৩/২০১৯ খ্রিঃ। বেলা ০১.৩০ টা।	২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য।
৪ম পর্যায়	০৭/০৪/২০১৯ খ্রিঃ। বিকাল ০৫.০০ টা পর্যন্ত।	০৮/০৪/২০১৯ খ্রিঃ। বেলা ০১.০০ টা।	০৮/০৪/২০১৯ খ্রিঃ। বেলা ০১.৩০ টা।	৩য় পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য।


**পরিশিষ্ট- ক (১৪২৬ বাংলা সনে ইজারায়োগ্য হাট-বাজারের তালিকা)**

ক্রমিক	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	সরকারি মূল্য	সিডিউলের মূল্য
০১	কালেংগা বাজার	রহিমপুর	১৬,৮১৯/-	৫০০/-
১০	চৈত্রঘাট বাজার	রহিমপুর	৬,১২৭/-	৫০০/-
০২	শহীদনগর বাজার	পতনউষার	৪৪,৮৯১/-	৫০০/-
০৩	রাজদিঘীরপাড় বাজার	পতনউষার	২৯,৩৬২/-	৫০০/-
০৪	মুন্সিবাজার বাজার	মুন্সিবাজার(৭০%)/রহিমপুর (৩০%)	১২,৪৩,১৭৩/-	৩,২০০/-
০৫	শমশেরনগর বাজার	শমশেরনগর	২৬,০০,৫৩৩/-	৬,০০০/-
০৬	আদমপুর বাজার	আদমপুর	৩৪,৯৬,৪১০/-	৭,৬০০/-
০৭	রাণীর বাজার	আদমপুর	৪২,৩০৭/-	৫০০/-
০৮	নৈনারপাড় বাজার	আদমপুর	৪৫,৫৯৭/-	৫০০/-
০৯	আধকানি নতুন বাজার	আদমপুর	৫,১৮৩/-	৫০০/-
১১	মাধবপুর বাজার	মাধবপুর	১০,৩৮৮/-	৫০০/-
১২	শিববাজার	মাধবপুর	৬,৮৬১/-	৫০০/-
১৩	টিলা বাজার	ইসলামপুর	১৪,১১৫/-	৫০০/-
১৪	রাজকান্দি নতুন বাজার	ইসলামপুর	৪,০৪৫/-	৫০০/-
১৫	হেরেঙ্গা বাজার	ইসলামপুর	১,৪৫৯/-	৫০০/-

(চলমান পাতা-২)

## ১৪২৬ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

- ০১। বাংলা ১৪২৬ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।
- ০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যহত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপন করা হবে।
- ০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।
- ০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মতে টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৯। ইজারা গ্রহীতা হাট-বাজারটি অন্যের নিকট সাব-লীজ প্রদান করতে পারবেন না।
- ১০। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত টাকা মাত্র) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংগন করা হলে ইজারা বাতিল করা যাবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(আশেকুল হক)

উপজেলা নির্বাহী অফিসার  
কমলগঞ্জ, মৌলভীবাজার।  
মোবাঃ ০১৭৩০৩১০৭৩  
unokamalganj@gmail.com